

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৯. যে ব্যক্তি ফাতওয়া প্রদানে ভয় পান এবং অধিক বাড়াবাড়ি করা ও বিদ'আত বা নতুন মত প্রবর্তন করাকে অপছন্দ করেন

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا وَكَرِهَ التَّنَطُّعَ وَالتَّبَدُّعَ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا زَمْعَةُ بْنُ صَالِحٍ، عَنْ عُثْمَانَ بْنِ حَاضِرٍ الْأَرْدِيِّ، قَالَ: دَخَلْتُ عَلَى ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا فَقُلْتُ أَوْصِنِي. فَقَالَ: نَعَمْ، عَلَيْكَ بِتَقْوَى اللَّهِ، وَالِاسْتِقَامَةِ، اتَّبِعْ وَلَا تَبْتَدِعْ

إسناده ضعيف لضعف زمعة

বাংলা

১৪১. উছমান ইবনু হাযির আল-আযদী থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা'র নিকট প্রবেশ করে তাঁকে বললাম, আমাকে কিছু উপদেশ দিন। তিনি বললেন, ঠিক আছে, শোন। তুমি অবশ্যই আল্লাহকে ভয় করে চলবে, আর (দ্বীনে) অবিচল থাকবে। আর ইত্তিবা বা অনুসরণ করবে আর কখনো নতুন কিছু উদ্ভাবন (বিদ'আত) করবে না ।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। কেননা, এর রাবী যাম'আহ যয়ীফ। (তবে মারওয়াযী, তার আস সুন্নাহ নং ৮৩ তে এটি হাসান সনদে বর্ণনা করেছেন।)

তাখরীজ: ইবনু বাত্তাহ, আল ইবানাহ, ১/৩৩৭ নং ২০০, ২০৬,২৩৩; ইবনু আবী যামনীন, উসুলুস সুন্নাহ নং ১২; খতীব, আল ফাকিহ ওয়াল মুতাফাকিহ ১/১৭৩; ইবনু ওয়াদা, আল বিদা'আ ওয়ান নিহায়া আনহা, পৃ. ২৫; অপর সনদে মারওয়াযী, আস সুন্নাহ নং ৮৩-তে ইবনু আব্বাস হতে হাসান সনদে এটি বর্ণনা করেছেন।



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন